দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 1 1 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

144

পক্ষে-বিপক্ষে ব্যাপক প্রস্তুতি

# শনিবার চট্টগ্রাম ভার্সিটির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান

আবদুল মালেক ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সাধারণ সমাবর্তন অনুষ্ঠানের পক্ষে এবং বিপক্ষে ব্যাপক প্রস্তুতি নেয়া হচ্ছে। আগামী শনিবার সকালে বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে এই সমাবর্তন অনুষ্ঠিত হবে। ৩ জন পিএইচডিসহ ১ হাজার ৫৬ জন স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারীকে এই সমাবর্তনে সনদপত্র প্রদান করা হবে। এছাড়া শিক্ষক, সিনেট সদস্য ও আমন্ত্রিত অতিথিসহ দুই সহস্রাধিক লোকের সমাবেশ ঘটবে বলে ধারণা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে সভাপতিত্ব ও সনদপত্র বিতরণ করবেন। প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে ক্যাম্পাসে নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। ১৩ ও ১৪ মার্চ ক্লাস ও অফিসসমূহ বন্ধ ঘোষণা করা হয়েছে। ক্যাম্পাসে সভা সমাবেশও নিষিদ্ধ থাকবে। যেকোন পরিস্থিতি মোকাবিলায় ক্যাম্পাসে সহস্রাধিক পুলিশের বিরাট বহর মোতায়েন থাকবে বলে জানা গেছে। আগামী শুক্রবার সন্ধ্যা ৬টার মধ্যে প্রশাসনিক ভবন থেকে সমাবর্তন পোশাক সংগ্রহ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে। জাতীয়তাবাদী ছাত্রদল প্রধানমন্ত্রীকে কালো পতাকা প্রদর্শনের কর্মসূচী নিয়েছে।

প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে ছাত্র শিবিরসহ বিরোধী দলীয় সংগঠনগুলো বিক্ষোভ কর্মসূচী হাতে নিয়েছে। ছাত্রলীগ প্রধানমন্ত্রীকে স্বাগত জানাবে।